

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৮০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৫৫]

৩। হায়য ঋতুস্রাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ২৪. আগুনে রান্না খাবার খেয়ে ওযু করার বিধান মানসুখ (রহিত) হওয়া সম্পর্কে।

باب نَسْخِ " الْوُضُوءِ مِمَّا مَسَّتِ النَّارُ "

আরবী

حَدَّتَنِي أَحْمَدُ بْنُ عِيسَى، حَدَّتَنَا ابْنُ وَهْبِ، أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ جَعْفَرِ بْنِ عَمْرِو بْنِ أُمَيَّةَ الضَّمْرِيِّ، عَنْ أَبِيهِ، قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَحْتَزُ مِنْ كَتِفِ شَاةٍ فَأَكَلَ مِنْهَا فَدُعِيَ إِلَى الصَّلاَةِ فَقَامَ وَطَرَحَ السِّكِينَ وَصلَّى وَلَمْ يَتَوَضَّا أُ. قَالَ ابْنُ شِهَابٍ وَحَدَّتَنِي عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ عَنْ أَبِيهِ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم بِذَلِكَ .

বাংলা

৬৮০-(৯৩/...) আহমাদ ইবনু ঈসা (রহঃ) 'আমর ইবনু উমাইয়াহ আয যামরী (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে দেখলাম তিনি একটি বকরীর কাধের মাংস (ছুরি দিয়ে) কাটছেন। এরপর তিনি তা খেলেন। ইতিমধ্যেই সালাতের জন্যে ডাকা হল। তিনি তখন দাঁড়িয়ে গেলেন এবং ছুরিটি ফেলে দিলেন এবং সালাত আদায় করলেন; কিন্তু ওযু করলেন না। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৬৮২)

ইবনু শিহাব বলেন, 'আলী ইবনু আবদুল্লাহ ইবনু আব্বাস তার পিতা আবদুল্লাহ ইবনু আব্বাস এর মাধ্যমে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে হাদীসটি বর্ণনা করেছেন। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৬৮২, ইসলামিক সেন্টারঃ ৬৯৭)

English

Chapter: Abrogation of wudu' for that which has been touched by fire

Ja'far b. 'Amr b. Umayya al-Damari reported on the authority of his father who said:

I saw the Messenger of Allah (ﷺ) take slices from goat's shoulder and then



eat them. He was called for prayer and he got'up, leaving aside the knife, and offered prayer but did not perform ablution

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু উমাইয়াহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন